

পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলকাতা - ৭০০০০৭

ফোন নং: (০৩৩) ২২৪১-২০৬০

বার্তা সম্পাদক

-----।


নীচের এই বিবৃতিটি আপনাদের বহুল প্রচারিত সংবাদ মাধ্যমে প্রকাশের জন্য অনুরোধ করছি।

প্রেস বিবৃতি

২৭-০৭-২০২৩


আজকে দিনহাটা কলেজে পরীক্ষায় নকল করতে না দেওয়ার জন্য যে অধ্যাপক নিগ্রহ ও লাঞ্ছনার ঘটনা ঘটলো তাকে ধিক্কার জানানোর ভাষা নেই। এই ঘটনা মনে পড়িয়ে দিচ্ছে বর্তমান শাসকদল ক্ষমতায় আসার অব্যবহিত পরে ইটাহার কলেজে শাসকদলের এক জনপ্রতিনিধির স্ত্রীকে পরীক্ষায় নকল করায় বাধা দেওয়ায় অধ্যক্ষকে নিগ্রহ করার ঘটনা। অসৎ উপায় অবলম্বন করে পরীক্ষা দেবার দাবীকে স্বীকৃতি আদায়ের জন্য যারা ঐ কলেজে কিছুদিন যাবৎ সন্ত্রাসের আবহ সৃষ্টি করেছে তাদের বিরুদ্ধে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণের দাবী করছে পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি। শিক্ষাঙ্গনে যে লাগামহীন নৈরাজ্য সন্ত্রাস ও দুর্নীতি এইরাজ্যে চলেছে দিনহাটা কলেজের ঘটনা তারই নবতম সংযোজন। অধ্যাপক সমিতি অবিলম্বে আজকের এই ঘটনায় প্রশাসনিক হস্তক্ষেপ এবং দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবী জানাচ্ছে।

ধন্যবাদ সহ,



(শুভোদয় দাশগুপ্ত)
সভাপতি

মোবাইল নং ৯৮৩ ১২০ ১৮৫২



(কেশব ভট্টাচার্য)
সাধারণ সম্পাদক

মোবাইল নং ৯৮৩০০২১৭৯৪